বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

# ‘ইউজিসি প্রফেসরশিপ’ নীতিমালা (সংশোধিত)

(২৭-০৯-২০২২ তারিখের ১৬৩তম পূর্ণ কমিশন সভায় অনুমোদিত)

**১. শিরোনাম** : ‘ইউজিসি প্রফেসরশিপ’ নীতিমালা।

**২. ভূমিকা** : জাতীয় ও আন্তর্জাতিকভাবে খ্যাতিমান শিক্ষাবিদের শিক্ষকতা, গবেষণা ও প্রকাশনা কাজ অব্যাহত রাখার লক্ষ্যে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রফেসর/গবেষকদের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ২০০০ সালে ‘ইউজিসি প্রফেসরশিপ’ প্রবর্তন করে, যা পূর্ণ কমিশনের ৯২তম সভায় অনুমোদিত হয়।

**৩. সংজ্ঞা** : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

(ক) ‘কমিশন’ অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) দ্বারা গঠিত ‘বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

(খ) ‘পূর্ণ কমিশন’ অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973); অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খন্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;

(গ) ‘চেয়ারম্যান’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

(ঘ) ‘সদস্যবৃন্দ’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্যবৃন্দ;

(ঙ) ‘সচিব’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

(চ) ‘নিয়োগ কমিটি’ অর্থ ইউজিসি প্রফেসর নিয়োগের জন্য গঠিত কমিটি। নিয়োগের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষ সর্বোচ্চ ক্ষমতা সংরক্ষণ করবে।

**৪. প্রফেসরশিপের নাম** : ‘ইউজিসি প্রফেসরশিপ’ হিসেবে গণ্য হবে।

**৫. উদ্দেশ্য** : জাতীয় ও আন্তর্জাতিকভাবে খ্যাতিমান শিক্ষাবিদের শিক্ষকতা, গবেষণা ও প্রকাশনা কাজ অব্যাহত রাখার লক্ষ্যে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রফেসর/গবেষকদের ‘ইউজিসি প্রফেসরশিপ’ প্রদান।

**৬. মেয়াদ ও সময়কাল** :

(ক) যোগদানের তারিখ হতে পরবর্তী ২ (দুই) বছর মেয়াদ/সময়কাল হিসেবে গণ্য হবে;

(খ) প্রতিবছর সর্বোচ্চ ৩(তিন)জন প্রফেসর/গবেষককে ‘ইউজিসি প্রফেসরশিপ’-এ নিয়োগ দেয়া হবে;

(গ) প্রতিবছর জানুয়ারি মাসে সার্কুলার জারি করে জুন মাসের মধ্যে নির্বাচন/নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং প্রতি অর্থবছরের ১লা জুলাই থেকে ইউজিসি প্রফেসরশিপ-এর মেয়াদকাল গণনা করা হবে।

**৭. দরখাস্ত আহবান** : ইউজিসি প্রফেসরশিপ সংক্রান্ত নোটিশ ইউজিসির ওয়েবসাইটে আপলোড, দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রেরণ এবং বহুল প্রচারিত ০২টি জাতীয় পত্রিকায় (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

**৮. যোগ্যতা/শর্তাবলি** :

(ক) গবেষককে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) আবেদনকারী অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বীকৃত ইন্সটিটিউট-এর অবসরপ্রাপ্ত প্রফেসর হতে হবে;

(গ) পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বীকৃত ইন্সটিটিউট-এর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অথবা সরাসরি আবেদন করা যাবে;

(ঘ) ইউজিসি প্রফেসরশিপ-এ যোগদানের পূর্বে প্রফেসর/গবেষক তাঁর গবেষণা কর্মপরিকল্পনা কমিশনে জমা দিবেন;

(ঙ) দেশের যে কোন একটি পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সংযুক্ত থাকতে হবে;

(চ) গবেষককে নির্ধারিত মেয়াদের মধ্যে আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্নালে গবেষণালব্ধ ফলাফলের ওপর প্রবন্ধ বা পুস্তক প্রকাশ করতে হবে;

(ছ) 'ইউজিসি প্রফেসর' সংযুক্ত বিশ্ববিদ্যালয়ে বিষয়সংশ্লিষ্ট একটি কোর্সে লেকচার প্রদান অথবা গবেষণা কার্যক্রমের তত্ত্বাবধান করতে পারবেন;

(জ) ইউজিসি প্রফেসর বছরান্তে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে স্বাস্থ্য এবং গবেষণা কাজের প্রতিবেদন কমিশনে জমা দিবেন;

(ঝ) ইউজিসি প্রফেসর-এর গবেষণা সহযোগী পিএইচডি ডিগ্রিধারী বা পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

**৯. সম্মানী ও আনুষঙ্গিক সুবিধা** :

(ক) ইউজিসি প্রফেসরকে প্রতিমাসে জাতীয় বেতন স্কেল অনুযায়ী দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের সিলেকশন গ্রেড প্রাপ্ত অধ্যাপকের মাসিক বেতন সমতুল্য সম্মানী প্রদান করা হবে;

(খ) ইউজিসি প্রফেসরকে প্রতিমাসে জাতীয় বেতন স্কেল অনুযায়ী দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের সিলেকশন গ্রেড প্রাপ্য অধ্যাপকের মাসিক হারে বাড়ি ভাড়া প্রদান করা হবে;

(গ) বই, জার্নাল, গবেষণা সামগ্রী, ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি বাবদ প্রতি মাসে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা (বিল ভাউচার জমাদান সাপেক্ষে) প্রদান করা হবে;

(ঘ) গবেষকের গবেষণালব্ধ প্রবন্ধ বা পুস্তক প্রকাশের ক্ষেত্রে ইউজিসি থেকে যুক্তিসংগত সহায়তা প্রদান করা হবে;

(ঙ) গবেষক বিষয়সংশ্লিষ্ট ১(এক)জন গবেষণা সহযোগী, ১(এক)জন অফিস সহায়ক এবং অন্যান্য সুবিধাদি যেমন- কক্ষ বরাদ্দ, ল্যাব সুবিধা, ইন্টারনেট কানেকশনযুক্ত কম্পিউটার সরবরাহ ইত্যাদি সুবিধা পাবেন (বিশ্ববিদ্যালয়ের উপযুক্ত কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।

**১০. নিয়োগ কমিটি** :

ইউজিসি চেয়ারম্যান----------------------------------------------------------আহবায়ক;
ইউজিসি পূর্ণকালীন সদস্যগণ-------------------------------------------------------সদস্য;
দুইজন উপাচার্য (ইউজিসি চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ---------------------------সদস্য;
দুইজন প্রথিতযশা শিক্ষাবিদ (ইউজিসি চেয়ারম্যান কর্তৃক মনোনীত)---------------সদস্য;
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক-----------------------------সদস্য;
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের অতিরিক্ত পরিচালক------------------সদস্য;
স্কলারশিপ ও ফেলোশিপ শাখার উপ-পরিচালক---------------------------------সদস্য-সচিব।

**১১. নিয়োগ কমিটির কার্য-পরিধি** :

(ক) গবেষক নিয়োগের ক্ষেত্রে বিষয়ভিত্তিক পারদর্শিতা মূল্যায়ন করতে হবে;

(খ) যে সকল প্রফেসর/গবেষক একাডেমিক ক্ষেত্রে খ্যাতি অর্জন করেছেন এবং সক্রিয়ভাবে গবেষণার কাজে নিয়োজিত রয়েছেন, সে সকল প্রফেসর/গবেষককে 'ইউজিসি প্রফেসর' হিসেবে নিয়োগ দিতে হবে।

**১২. আদেশজারির কার্যকারিতা** : এই নীতিমালা পূর্ণ কমিশন সভার অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

**১৩. অস্পষ্টতা দূরীকরণ** : 'ইউজিসি প্রফেসরশিপ' নিয়োগের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫/১০/২০২২
ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক (রিসাপা বিভাগ)
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

25/10/22
প্রফেসর ড. দিল আফরোজা বেগম
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন